



(একই তারিখ ও একই নম্বরের প্রশাসনিক পরিপত্রের স্থলাভিষিক্ত হবে)

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখঃ ২২ কার্তিক ১৪৩০
০৭ নভেম্বর ২০২০

প্রশাসনিক পরিপত্র নং- ২৭/২০২০

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল) কর্তৃক চালুকৃত নতুন পণ্য সেবা টার্ম ইনভেস্টমেন্ট প্ল্যান (টিআইপি) এর আওতায় অন্তর্ভুক্ত বিনিয়োগ হিসাবধারীগণের পোর্টফোলিও ব্যবস্থাপনার লক্ষ্যে নিম্নোক্ত কর্মচারীগণের সমন্বয়ে “পোর্টফোলিও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিশেষায়িত কমিটি” গঠন করা হলোঃ

০১.	প্রধান নির্বাহী কর্মকর্তা আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড	আহ্বায়ক
০২.	ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) কর্তৃক মনোনীত কর্মকর্তা	সদস্য
০৩.	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা মার্চেন্টাইজিং ডিভিশন, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড	সদস্য-সচিব
০৪.	আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ কর্তৃক মনোনীত কর্মকর্তা	সদস্য

উপর্যুক্ত কমিটিকে বিভিন্ন তথ্য-উপাত্ত ও অন্যান্য সহযোগিতা প্রদানের নিমিত্ত কমিটির সহায়ক কর্মকর্তা হিসেবে আইসিএমএল এর নিম্নোক্ত কর্মচারীগণকে অন্তর্ভুক্ত করা হলোঃ

০১.	ডিপার্টমেন্ট প্রধান পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
০২.	ডিপার্টমেন্ট প্রধান সিকিউরিটিজ অ্যানালাইসিস ডিপার্টমেন্ট
০৩.	টিআইপি সংশ্লিষ্ট কর্মকর্তা ইনভেস্টরস ডিপার্টমেন্ট

০২। কমিটির কার্যপরিধিঃ

১. টিআইপি সেবাকে পুঁজিবাজারে আকর্ষণীয় লাভজনক পণ্য হিসাবে প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
২. পোর্টফোলিও ব্যবস্থাপনার মূলনীতিসমূহ অনুসরণপূর্বক টিআইপি সিকিউরিটিজ পোর্টফোলিওর আয়ের ক্ষেত্রে বাৎসরিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কৌশলগত ব্যবস্থা গ্রহণ;
৩. বিদ্যমান নিয়মনীতি ও বিধি মোতাবেক আলোচ্য পোর্টফোলিও ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ;
৪. পুঁজিবাজার, অর্থবাজার অর্থনীতির সংশ্লিষ্ট নির্দেশকসমূহ এবং সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের তথ্যাদি বিশ্লেষণ ও সংরক্ষণ;
৫. টিআইপি সেবার আওতা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় পরামর্শ প্রদান; এবং
৬. টিআইপি সেবার লাভজনকতার স্বার্থে যেকোন উল্লুত পরিস্থিতির বিষয়ে এবং টিআইপি সেবা পরিচালন সংক্রান্ত কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে সে বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

০৩। কমিটির সভায় আহ্বায়কসহ ন্যূনতম ০৩ (তিন) জন কর্মকর্তা উপস্থিত থাকতে হবে। সদস্য সচিবের অনুপস্থিতিতে ইনভেস্টরস ডিপার্টমেন্টের টিআইপি সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় সাচিবিক দায়িত্ব পালন করবেন।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।


(মোঃ সেলিম বেগ)

অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মনোনীত কর্মকর্তা, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।
২. মনোনীত কর্মকর্তা, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড।
৩. সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ।
৮. অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।